

স্মারক নম্বর: ০৫.৪৩.৬৯০০.০০০.০০৬.৩২.০০১১.১৬. ২৬

তারিখ: ০২ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

“সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫” আলোকে নাটোর জেলার নিম্নোক্ত ডিলার ইউনিটের বিপরীতে সার ডিলার নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

ক্র.নং	উপজেলার নাম	ইউনিয়ন / পৌরসভা	শূন্য ডিলার ইউনিটের নাম	সার ডিলার এর কার্য এলাকা ওয়ার্ড	
১	নাটোর সদর	ছাতনী	মাকদিঘা	১,২,৩	
২			আমহাটি	৭,৮,৯	
৩			বড়হরিশপুর	শংকরভাগ	৭,৮,৯
৪			কাফুরিয়া	কাফুরিয়া	১,২,৩
৫			চাঁদপুর	৭,৮,৯	
৬			হালসা	বাগরোম	১,২,৩
৭	নলডাঙ্গা	মাধনগর	বাশিলা	৭,৮,৯	
৮	সিংড়া	সুকাশ	বামিহাল	৪,৫,৬	
৯			জয়কুড়ি	৭,৮,৯	
১০			ডাহিয়া	ক্ষীরপোতা	১,২,৩
১১			ইটালী	বীশবাড়িয়া	৪,৫,৬
১২			কলম	কুমারপাড়া	৪,৫,৬
১৩				মির্জাপুর	৭,৮,৯
১৪			চামারী	চামারী	১,২,৩
১৫				বিলদহর	৭,৮,৯
১৬			হাতিমান্দহ	হাতিমান্দহ	১,২,৩
১৭			শেরকোল	শেরকোল	৪,৫,৬
১৮			তাজপুর	তাজপুর	১,২,৩
১৯				কমরপুর	৪,৫,৬
২০			চৌগ্রাম	হলহলিয়া	১,২,৩
২১				চৌগ্রাম	৪,৫,৬
২২			রা. খাজুরা	কৈগ্রাম	১,২,৩
২৩	মিনিকচাপর	৪,৫,৬			
২৪	গুরুদাসপুর	খুবজীপুর	বিলসা	৭,৮,৯	
২৫	বড়াইগ্রাম	জোনাইল	দিঘইর	৭,৮,৯	
২৬			গোপালপুর	অর্জুনপুর	৪,৫,৬
২৭			চান্দাই	চান্দাই	৪,৫,৬
২৮				দাসগ্রাম	৭,৮,৯
২৯				গাড়ফা	১,২,৩
৩০	লালপুর	চংধুপইল	করিমপুর	১,২,৩	
৩১			আব্দুলপুর	৪,৫,৬	
৩২		দৈঘরদী	ডিলকপুর	১,২,৩	
৩৩			গৌরিপুর	৭,৮,৯	
৩৪		আড়বাব	কচুয়া	৪,৫,৬	
৩৫			সাধুপাড়া	৭,৮,৯	
৩৬		লালপুর	মোমিনপুর	১,২,৩	
৩৭			বালিতিতা	৪,৫,৬	
৩৮		বিলমাড়িয়া	বিলমাড়িয়া	১,২,৩	
৩৯			উখনপাড়া	৭,৮,৯	
৪০	দুড়দুড়িয়া	দুড়দুড়িয়া	১,২,৩		
৪১		বসন্তপুর	৭,৮,৯		
৪২	বাগাতিপাড়া	ফাগুয়ারদিয়াড়	পীচুড়িয়া	১,২,৩	
৪৩		পাকী	চিখলিয়া	৭,৮,৯	
মোট ডিলার পয়েন্ট			৪৩ টি		

শর্তাবলী:

(ক) "সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা ২০২৫" এর পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে।

(খ) আবেদনকারীদের নির্ধারিত শূন্য ডিলার ইউনিটের বিপরীতে ২০২৫ এর নীতিমালায় বর্ণিত শর্ত পূরণসাপেক্ষে আবেদন করতে হবে।

(গ) যোগ্যতা:

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের/উপজেলার/পৌরসভা/সিটি কর্পোরেশনের বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র বা প্রশাসক/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;
২. নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট কার্য এলাকায় (ডিলার ইউনিটে) কমপক্ষে ৫০ মে.টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে; তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং একইভাবে সারের গুদামে বীজ ও বালাইনাশক সংরক্ষণ করা যাবে না;
৩. বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে;
৪. আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ১০ (দশ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;
৫. ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে;
৬. আবেদনকারীর বয়স সর্বনিম্ন ১৮ বছর হতে হবে।
৭. আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে; এবং
৮. আবেদনকারীর টিআইএন থাকতে হবে।
৯. আবেদনপত্রের সঙ্গে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ২০০০.০০ (দুই হাজার) টাকার পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট 'জেলা সার ও বীজ মনিটরিং কমিটি'র সভাপতি বরাবর জমা দিতে হবে;

(ঘ) অযোগ্যতা:

১. ইতিপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতিপূর্বে ব্যবসায় অনিয়ম/কোনো ফৌজদারি বা অন্য কোনো আইনে দণ্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দণ্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;
২. কোনো সরকারি কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে/থাকতে পারবেন না;
৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ থাকলে অপর কেউ আবেদন করতে বা ডিলার থাকতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সংজ্ঞা দেশে বিদ্যমান প্রচলিত আইন দ্বারা নির্ধারিত হবে, এবং
- (ঙ) একই সঙ্গে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার বীজ মনিটরিং কমিটি বরাবর আর্নেস্টম্যানি বাবদ ১০,০০০ (দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনোরূপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেস্টম্যানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অনির্বাচিত আবেদনকারীদের আর্নেস্টম্যানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। নির্বাচিত আবেদনকারীর আর্নেস্টম্যানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

(চ) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থান:

- (i) ০১/০৩/২০২৬ খ্রি. তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত;
- (ii) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নাটোর এ জমা করতে হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


(আসমা শাহীন)

সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
এবং
জেলা প্রশাসক, নাটোর।